পাঠ ৮

# দেখে বুঝে কাজ করি



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখা বা ডিজিটাল ডিজাইনে উপস্থাপিত প্রশ্ন, অনুজ্ঞা (আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ) ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন ও নির্দেশনা পড়ে বুঝতে পারা।
- সম্বোধন ও অনুরোধবাচক শব্দ ও বাক্য লিখতে পারা।

## পাঠের শিখনফল

১০.১.১ ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা শব্দ ও বাক্য পড়তে পারব।
১০.১.৩ ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা নির্দেশক পড়ে অনুসরণ করতে পারব।
১৪.২.২ সহজ অনুরোধমূলক বাক্য লিখতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ঝুড়ি | ময়লা | টয়লেট | ব্যবহার | পরিচ্ছন্ন | জেব্রা | ক্রসিং | রাস্তা |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

ঝুড়ি, টয়লেট, হাত, পরিচ্ছন্ন, জেব্রা ক্রসিং।

**উত্তর :**

| | |
|---|---|
| ঝুড়ি | আমরা সব সময় ঝুড়িতে ময়লা ফেলি। |
| টয়লেট | আমরা সঠিক উপায়ে টয়লেট ব্যবহার করি। |
| হাত | আমরা হাত ধুয়ে ভাত খাই। |
| পরিচ্ছন্ন | আমরা সব সময় পরিচ্ছন্ন থাকি। |
| জেব্রা ক্রসিং | জেব্রা ক্রসিং ব্যবহার করলে দুর্ঘটনা কমে। |

**প্রশ্ন ২. টয়লেট ব্যবহারের সঠিক নিয়মগুলো লেখ।**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৪৯

উত্তর : টয়লেট ব্যবহারের সঠিক নিয়মগুলো হলো—

- টয়লেটে আমরা অবশ্যই স্যান্ডেল বা চপ্পল পায়ে প্রবেশ করব।
- এরপর দরজা বন্ধ করব।
- প্রয়োজনীয় কাজ শেষে ফ্লাশ টেনে দেব অথবা পর্যাপ্ত পানি ঢালব।
- টয়লেট ব্যবহার শেষে সাবান বা হ্যান্ডওয়াশ দিয়ে ভালোভাবে হাত পরিষ্কার করব।

**বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি**

**প্রশ্ন ৩. তুমি কি যেখানে-সেখানে ময়লা ফেল?**

উত্তর : না, আমি যেখানে-সেখানে ময়লা ফেলি না।

**প্রশ্ন ৪. তুমি কি প্রয়োজনে টয়লেট ব্যবহার কর?**

উত্তর : হ্যাঁ, আমি প্রয়োজনে টয়লেট ব্যবহার করি।

**প্রশ্ন ৫. কিছু খাওয়ার আগে কি হাত ধুয়ে নাও?**

উত্তর : হ্যাঁ, কিছু খাওয়ার আগে আমি হাত ধুয়ে নিই।

**প্রশ্ন ৬. রাস্তা পার হওয়ার সময় কি জেব্রা ক্রসিং ব্যবহার কর?**

উত্তর : হ্যাঁ, আমি রাস্তা পার হওয়ার সময় জেব্রা ক্রসিং ব্যবহার করি।

**প্রশ্ন ৭. তুমি স্কুলে বন্ধুদের সাথে কি মিলেমিশে থাক?**

উত্তর : হ্যাঁ, স্কুলে বন্ধুদের সাথে আমি মিলেমিশে থাকি।

**প্রশ্ন ৮. আমরা হাত ধুয়ে থাকি কেন?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫১

উত্তর : হাত আমাদের শরীরের অন্যতম অঙ্গ। এটি আমরা বিভিন্ন কাজে ব্যবহার করে থাকি। ফলে আমাদের হাতে নানা ধরনের জীবাণু লেগে থাকে, যা ধুয়ে পরিষ্কার না করলে তা খাবারের সঙ্গে আমাদের পেটে চলে যাবে এবং পেটের অসুখসহ সর্দি-জ্বর ও নানা অসুখ-বিসুখ হবে। তাই শরীরকে সুস্থ রাখার জন্য এবং রোগ-ব্যাধি থেকে নিরাপদে থাকার জন্য আমরা হাত ধুয়ে থাকি।



**প্রশ্ন ৯. নিচের গল্পটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ভালো মেয়ে

রিংকি দ্বিতীয় শ্রেণিতে পড়ে। সে সকালে ঘুম থেকে উঠে দাঁত ব্রাশ করে। খেলাধুলা শেষে হাত-পা-মুখ ধুয়ে পরিষ্কার করে। প্রতিবার কিছু খাওয়ার আগে হাত ধুয়ে নেয়। সে রাস্তা পার হওয়ার সময় ডানে ও বামে তাকায়। কোনো গাড়ি আসছে কি না তা দেখে তারপর পার হয়। বড়ো রাস্তা পার হওয়ার সময় জেব্রা ক্রসিং ব্যবহার করে। সে স্কুলে বন্ধুদের সাথে মিলেমিশে থাকে। সবাই রিংকিকে ভালোবাসে।



**প্রশ্ন ক. 'ভালো মেয়ে' গল্পের মেয়েটির নাম কী?**

উত্তর : 'ভালো মেয়ে' গল্পের মেয়েটির নাম রিংকি।

**প্রশ্ন খ. রিংকি সকালে উঠে কী করে?**

উত্তর : রিংকি সকালে উঠে দাঁত ব্রাশ করে।

**প্রশ্ন গ. খাওয়ার আগে রিংকি কী করে?**

উত্তর : খাওয়ার আগে রিংকি হাত ধুয়ে নেয়।

**প্রশ্ন ঘ. রাস্তা পার হওয়ার সময় রিংকি ডানে-বামে তাকায় কেন?**

উত্তর : রাস্তা পার হওয়ার সময় কোনো গাড়ি আসছে কি না তা দেখার জন্য রিংকি ডানে-বামে তাকায়।

**প্রশ্ন ঙ. কে স্কুলে বন্ধুদের সাথে মিলেমিশে থাকে?**

উত্তর : রিংকি স্কুলে বন্ধুদের সাথে মিলেমিশে থাকে।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**


**প্রশ্ন ১০. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| | | |
|---|---|---|
| ক. | — ময়লা ফেলি। | রাস্তায়/ঝুড়িতে |
| খ. | টয়লেট — করি। | অব্যবহার/ব্যবহার |
| গ. | — থাকি। | অপরিচ্ছন্ন/পরিচ্ছন্ন |
| ঘ. | জেব্রা ক্রসিং দিয়ে — পার হই। | নদী/রাস্তা |
| ঙ. | মিলেমিশে —। | পড়ি/থাকি |


উত্তর :

ক. **ঝুড়িতে** ময়লা ফেলি।
খ. টয়লেট **ব্যবহার** করি।
গ. **পরিচ্ছন্ন** থাকি।
ঘ. জেব্রা ক্রসিং দিয়ে **রাস্তা** পার হই।
ঙ. মিলেমিশে **থাকি**।


**প্রশ্ন ১১. বিভিন্ন সংকেত সম্পর্কে জেনে লেখ।**



রাস্তা পারাপারে জেব্রা ক্রসিং



ফুট ওভারব্রীজ



দিকনির্দেশক ফলক



লেভেল ক্রসিং



সামনে হাসপাতাল হর্ণ বাজানো নিষেধ










সাইকেল চালানো নিষেধ



চিঠি ফেলার বাক্স



গোল চক্কর



ডানে আচমকা মোড়



বামে আচমকা মোড়



ট্রাফিক সিগন্যাল



বণ্যপ্রাণী



ডান দিকে রাস্তার উলটো বাঁক



বাঁ দিকে রাস্তার উলটো বাঁক



সামনে সাইকেল/রিকশা চলাচল করে

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | সংকেত চিনে। | | | |
| দক্ষতা | সংকেতমূলক লেখা পড়ে বুঝতে পেরেছে। | | | |
| | হাতের লেখা নির্দেশ পড়ে বুঝতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আগ্রহের সাথে অংশগ্রহণ করতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম : .................................................. শ্রেণি : .............................................. রোল নম্বর : ☐

১। টয়লেট ব্যবহারের সঠিক নিয়মগুলো লেখ।

২। তুমি কি যেখানে-সেখানে ময়লা ফেল?

৩। নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করে লেখ।

ঝুড়ি, টয়লেট, হাত, পরিচ্ছন্ন, জেব্রা ক্রসিং।

### উত্তরমালা

**১ ▸** টয়লেট ব্যবহারের সঠিক নিয়মগুলো হলো—

- টয়লেটে আমরা অবশ্যই স্যান্ডেল বা চপ্পল পায়ে প্রবেশ করব।
- এরপর দরজা বন্ধ করব।
- প্রয়োজনীয় কাজ শেষে ফ্লাশ টেনে দেব অথবা পর্যাপ্ত পানি ঢালব।
- টয়লেট ব্যবহার শেষে সাবান বা হ্যান্ডওয়াশ দিয়ে ভালোভাবে হাত পরিষ্কার করব।

**২ ▸** না, আমি যেখানে-সেখানে ময়লা ফেলি না।

**৩ ▸**

| | |
|---|---|
| ঝুড়ি | আমরা সব সময় ঝুড়িতে ময়লা ফেলি। |
| টয়লেট | আমরা সঠিক উপায়ে টয়লেট ব্যবহার করি। |
| হাত | আমরা হাত ধুয়ে ভাত খাই। |
| পরিচ্ছন্ন | আমরা সব সময় পরিচ্ছন্ন থাকি। |
| জেব্রা ক্রসিং | জেব্রা ক্রসিং ব্যবহার করলে দুর্ঘটনা কমে। |

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐